

স্মারক নং-৪৬.০৮৫.০১৮.০১.০০.০৩৩.২০১৭-৭২২

তারিখঃ ০২ বৈশাখ ১৪২৫  
১৫ এপ্রিল ২০১৮

বিষয়ঃ “ই-সার্ভিস বাস্তবায়ন রোডম্যাপ- ২০২১” শীর্ষক কর্মশালা আয়োজন সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় মন্ত্রী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এর ডি.ও নং-১৪.০০.০০০০.০২৭.০৩১.০০২.১৬-১১৭,  
তারিখঃ ২৭ মার্চ ২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, ‘ভিশন-২০২১’ অনুসারে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত ‘ই-সার্ভিস বাস্তবায়ন রোডম্যাপ-২০২১’ শীর্ষক কর্মশালা চলমান রয়েছে। এ প্রেক্ষিতে যে সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ এখনও ‘ই-সার্ভিস বাস্তবায়ন রোডম্যাপ-২০২১’ কর্মশালায় অংশগ্রহণের সুযোগ পায়নি তাদের আগামী ৩১.৮.২০১৮ তারিখের মধ্যে নিজস্ব উদ্যোগে, ব্যবস্থাপনায় ও অর্থায়নে ই-সার্ভিস বাস্তবায়ন রোডম্যাপ পরিকল্পনা সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়েছে।

২। এমতাবস্থায়, মাননীয় মন্ত্রীর আধা-সরকারী পত্রের আলোকে যথাসময়ে কার্যক্রম গ্রহণ পূর্বক অত্র বিভাগ এবং এটুআই’কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৩। বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক ১ (এক) ফর্দ।

(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব ও সদস্য সচিব  
ইনোভেশন টিম  
ফোনঃ ৯৫৪০৯৯৫

E-mail: [innovation.lgd.gov@gmail.com](mailto:innovation.lgd.gov@gmail.com)

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর;
২. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট; আগারগাঁও, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা; ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/চট্টগ্রাম সিটি কর্পোরেশন/সিলেট সিটি কর্পোরেশন/খুলনা সিটি কর্পোরেশন/গাজীপুর সিটি কর্পোরেশন/বরিশাল সিটি কর্পোরেশন/নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন/ রংপুর সিটি কর্পোরেশন/কুমিল্লা সিটি কর্পোরেশন/ রাজশাহী সিটি কর্পোরেশন;
৪. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা;
৫. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, পরিবহন পুল ভবন, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থেঃ

১. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি।